

কার্যাবলীঃ

- সকল কৃষিপণ্যের কৃষকপ্রাপ্ত পাইকারী ও খুচরা বাজারদর, সরবরাহ, চলাচল ও মজুতের তথ্য দৈনিক ও সাপ্তাহিক ভিত্তিতে সংগ্রহ করা এবং বুলেটিনের মাধ্যমে তা বেতার ও দৈনিক পত্রিকায় কৃষক, ব্যবসায়ী ও সংশ্লিষ্ট সকলের জন্য প্রচার করা;
 - কৃষিপণ্যের বাজারদর নিয়মিতভাবে মনিটর করা এবং বাজার দরের হ্রাস-বৃদ্ধির কারণ চিহ্নিত করে তা সিহতিশীল করার জন্য সরকারকে পরামর্শ প্রদান করা;
 - ব্যবসায়ী এবং পরিবহণ সংস্হার সহযোগিতায় কৃষিপণ্য বিশেষ করে পঁচনশীল কৃষিপণ্য উদ্ভূত এলাকা হতে ঘাটতি এলাকায় প্রেরণ সংগঠিত করা;
 - কৃষকদের উৎপাদিত পণ্য নতুন/নিবিড় উৎপাদন এলাকায় পরিবহণ এবং বিক্রয় সংগঠিত করা;
 - ১৯৬৪ সালের (১৯৮৫ সংশোধিত) বাংলাদেশ কৃষিপণ্য বাজার নিয়ন্ত্রণ আইনের যথাযথ প্রয়োগ করা;
 - কৃষিপণ্যের সুষ্ঠু বিপণনের জন্য বিপণন ব্যয়, ব্যবসায়ীদের লভ্যাংশ ইত্যাদি বিষয়ে গবেষণা/সমীক্ষা করে বিপণনের সমস্যা চিহ্নিত করা এবং বিপণন ব্যবস্হার উন্নয়ন ও বিপণন ব্যয় হ্রাসের পদক্ষেপ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা;
 - দেশের গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের পাইকারী বাজারসমূহের পর্যাপ্ত আধুনিক সুযোগ-সুবিধা সমবলিত বাজার অবকাঠামো নির্মাণ করা;
 - চামড়া রপ্তানী করে পর্যাপ্ত/কাজিত বৈদেশিক আয়ের জন্য চামড়া ছাড়ানো, শোধন এবং সংরক্ষণের জন্য সম্প্রসারণ কার্যক্রম পরিচালনা করা;
 - কৃষিপণ্যের উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ, ফসল সংগ্রহ এবং প্রধান ফসলের সরকার কর্তৃক সংগ্রহ মূল্য(সাপোর্ট প্রাইস), আমদানী ও রপ্তানী নীতি নির্ধারণে সরকারকে পরামর্শ প্রদান করা;
- কৃষিপণ্যের আন্তর্জাতিক বাজারদর পরিবীক্ষণ করা এবং আমদানী ও রপ্তানী নীতি প্রণয়নে ও পরিমার্জনে সহায়তা করা।